বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) গৃহ নির্মাণ ঋণদানের ক্ষেত্রে দেশের একমাত্র বিশেষায়িত সরকারি আর্থিক প্রতিষ্ঠান। মানুষের অন্যতম মৌলিক চাহিদা বাসস্থান নির্মাণে ঋণ সহায়তা প্রদান করার লক্ষ্যে ১৯৫২ সালে হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন প্রতিষ্ঠা লাভ করে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের রূপকার, স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, স্বাধীনতা পরবর্তী দেশ পুনর্গঠন প্রক্রিয়ায় জনগণের মৌলিক অধিকার নিশ্চিতকরণে অগ্রাধিকার প্রদান করেন। এরই অংশ হিসেবে দেশের নিম্ন-মধ্যবিত্ত ও মধ্যবিত্ত জনগোষ্ঠীর আবাসন নিশ্চিতকল্পে ১৯৭৩ সালে জারীকৃত রাষ্ট্রপতির ৭নং আদেশ বলে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন পুনর্গঠিত হয়। সরকার কর্তৃক গৃহীত গৃহায়ন খাত সংশ্লিষ্ট উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন এবং পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে গৃহঋণ প্রদানের মাধ্যমে সরকারি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসি জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

উন্নয়ন এবং পুনর্গঠন:

বাসস্থান মানুষের ৫টি মৌলিক চাহিদার অন্যতম। জনবহুল এ দেশে আবাসন চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ফলে, আবাসনের সংস্থান কঠিন হয়ে পড়েছে। এই প্রকট আবাসিক সমস্যার সমাধানে সহায়তা প্রদান করাই বিএইচবিএফসি'র মূল উদ্দেশ্য। এ দেশের গৃহায়ন খাতে অর্থ সংস্থানের ক্ষেত্রে বিএইচবিএফসি কয়েক যুগ ধরে একমাত্র প্রতিষ্ঠান হিসাবে কাজ করে আসছে। যদিও কয়েকটি বাণিজ্যিক ব্যাংক এ খাতে ঋণ প্রদান করে থাকে, তবুও একথা নিঃসন্দেহে বলা যায় যে, গৃহায়ন খাতে ঋণ প্রদানে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্তদের জন্য বিএইচবিএফসিই অন্যতম প্রধান উৎস। বিএইচবিএফসি'র বিগত ১৫ বছরের ব্যবসায়িক বিভিন্ন কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র নিম্নে দেয়া হলোঃ

বিষয়	ক্রম	ব্যবসায়িক সূচক	অর্থবছর	
			২০০৭-২০০৮	২০২১-২০২২
মূলধন সংক্রান্ত	১	অনুমোদিত মূলধন (কোটি টাকায়)	১১০	১০০০
	২	পরিশোধিত মূলধন (কোটি টাকায়)	৯৭.২৯	৫০০
ঋণ প্রোডাক্ট সংক্রান্ত	১	মোট ঋণ প্রোডাক্ট সংখ্যা	৬টি	১১টি
	২	সর্বোচ্চ সুদের হার	১২%	৯%
	৩	সর্বনিম্ন সুদের হার	১০%	৭%
	৪	সর্বোচ্চ ঋণ সিলিং (কোটি টাকায়)	০.৪০	২.০০
	৫	ঋণের সর্বোচ্চ মেয়াদ	২০ বছর	২৫ বছর
ব্যবসায়িক সূচকে অর্জন	১	ঋণ মঞ্জুরীর পরিমাণ (কোটি টাকায়)	২২৬.০৬	৭১৪.৮৪
	২	মঞ্জুরীকৃত ঋণ কেইস সংখ্যা	১১১২	১৯২৭
	৩	মঞ্জুরীকৃত হাউজিং ইউনিট সংখ্যা	৪৭৭৯	৮০৩৮
	৪	সুবিধাভোগীর সংখ্যা	১৯১১৬	৩২১৫২
	৫	ঋণ বিতরণ (কোটি টাকায়)	১৪৬.৯২	৫৮৮.৯৫
	৬	মোট ঋণ আদায়ের পরিমাণ (কোটি টাকায়)	৩৮৮.৯৫	৬৫২.১০
	৭	শ্রেণীকৃত ঋণের হার	১৪.৯৫%	৪.৬৫%
	৮	মোট ঋণ স্থিতি (কোটি টাকায়)	২৪৩৯.৬৫	৩৯৩৩.২৬
	৯	করপূর্ব নীট মুনাফা (কোটি টাকায়)	১৬৫.০৩	২৪৮.৮০
কার্যালয় ও জনবল	১	মাঠ কার্যালয় সংখ্যা (মোট)	২৩	৮৬
	২	কর্মরত মোট জনবল (সংখ্যা)	৪৫২	৬০৮

বিগত ২০২১-২২ অর্থবছরে ঋণ মঞ্জুর করা হয়েছে ৭১৪.৮৪ কোটি টাকা এবং ঋণ বিতরণ করা হয়েছে ৫৮৮.৯৫ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ৯৫.৫৮ কোটি টাকা (প্রবৃদ্ধি ১৫%) এবং ৭৪.৯২ কোটি টাকা (প্রবৃদ্ধি ১৪.৫৮%) বেশি। 'কোভিড-১৯' মহামারীজনিত পরিস্থিতিতেও সকলের সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিক পরিশ্রমের ফসল হিসেবে বিএইচবিএফসি'র এ অনন্য ব্যবসায়িক সফলতা অর্জন সম্ভব হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় হয়েছে ৬৫২.১০ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় প্রায় ৮৭.০২ কোটি টাকা বেশি (প্রবৃদ্ধি ১৫.৪০%)। এছাড়াও, শ্রেণীকৃত ঋণের হার পূর্ববর্তী বছরের ৫.১৪% থেকে হ্রাস পেয়ে ৪.৬৫% হয়েছে। বর্ণিত ৪টি সূচকে বিএইচবিএফসি'র অর্জন এ যাবতকালের মধ্যে সর্বোচ্চ।

বিএইচবিএফসি প্রতিবছর সরকারের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর করে থাকে এবং চুক্তি অনুযায়ী প্রতিটি কর্মকান্ড বাস্তবায়নে সর্বদা সচেষ্ট রয়েছে। ২০২১-২২ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক এর আওতাধীন ১৮টি প্রতিষ্ঠানের মধ্যে 'বাণিজ্যিক ব্যাংক', 'বিশেষায়িত ব্যাংক' ও 'নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান'-এ ৩টি ক্যাটাগরি ভিত্তিকি এপিএ'র ফলাফল ঘোষনা করা হয়। বিএইচবিএফসি এ বছর ১০০ নম্বরের বিপরীতে ৯৮.৩৭ নম্বর পেয়ে নিজ ক্যাটাগরি-নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের (৭টি) মধ্যে ১ম স্থান (অতি উত্তম ক্যাটাগরিতে) অর্জন করে। একই সাথে সার্বিকভাবে ১৮টি প্রতিষ্ঠান ও ৩টি ক্যাটাগরির মধ্যেও ১ম স্থান লাভ করে।

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর

রহমান-এঁর জন্ম শতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মেট্রোপলিটন এলাকা বাদে বিভাগীয়, জেলা, উপজেলা সদর ও গ্রোথ-সেন্টার এলাকায় বাড়ি নির্মাণের জন্য জিরো ইকুইটি আবাসন ঋণ চালু করা হয়েছে। এ ঋণ বিতরণে নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেয়া হচ্ছে।

২০০৭-০৮ অর্থবছরে ঢাকা-চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ঋণ বিতরণের হার ছিল ৮৫%। পক্ষান্তরে, দেশের অন্যান্য এলাকায় এ হার ছিল মাত্র ১৫%। ২০২১-২০২২ অর্থবছরে ঢাকা-চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ৩৯% এবং এর বাইরে দেশের অন্যান্য এলাকায় ঋণ বিতরণের হার দাঁড়িয়েছে ৬১%। ফলে ঋণ প্রবাহের ধারা পরিবর্তনের মধ্যে দিয়ে নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর চাহিদা পূরণে কার্যকর ভূমিকা রাখছে। এতে অর্থনৈতিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) বৃদ্ধি পাচ্ছে।

বাড়ি নির্মাণের ক্ষেত্রে অঞ্চলভেদে ২০০৭-২০০৮ অর্থবছরে; সর্বোচ্চ সিলিং ছিল ৪০ লক্ষ টাকা, যা বর্তমানে বৃদ্ধি করে সর্বোচ্চ ২.০০ কোটি টাকা করা হয়েছে। বাস্তবতা ও বাজার চাহিদার সাথে সঙ্গতি রেখে নতুন ঋণ পণ্যসহ বর্তমানে ১২ টি ঋণ পণ্য চালু রয়েছে।

বর্তমান সরকার ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে সরকারী কর্মচারীদের গৃহ নির্মাণের জন্য ব্যাংক রেটে (৪% সুদে) গৃহ নির্মাণ ঋণ চালু করেছে যার অন্যতম বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসিও সরকারী কর্মচারীদের গৃহ নির্মাণের জন্য ঋণসেবা প্রদান করে আসছে।

দেশের কৃষি এবং আবাদি জমি রক্ষার লক্ষ্যে গ্রামীণ এবং উপ-শহর এলাকায় বসবাসরত জনগোষ্ঠি প্রধানতঃ নিম্ন-মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত জনগোষ্ঠির নিকট গৃহঋণ সেবা পৌঁছে দেয়ার জন্য বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-এর বাস্তবায়নাধীন 'রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইন্যান্স প্রজেক্ট' নামক প্রজেক্টটি ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর অর্থায়নে বাস্তবায়ন হচ্ছে। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মহানগর এলাকা ব্যতীত দেশের সকল বিভাগীয় শহর, জেলা ও উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টারসমূহে নিম্নবিত্ত ও মধ্যবিত্ত জনগোষ্ঠীর মধ্যে প্রকল্পের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ১ লা জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২২ সময়কালে ৫-টি কম্পোনেন্টের মাধ্যমে বাস্তবায়নাধীন এ প্রকল্পে মোট ব্যয় ১৪০.৩৫ মিলিয়ন ইউরো যেখানে আইডিবি'র অর্থায়ন ৯৪.৭৫ মিলিয়ন ইউরো এবং অবশিষ্ট ৪৫.৬০ মিলিয়ন ইউরো বিএইচবিএফসি ও সুবিধাভোগীগণ কর্তৃক বহন করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে গর্বিত অংশীদার হিসেবে বিএইচবিএফসি কর্তৃক প্রযুক্তি ও ডিজিটাল বেইজড্ কিছু পদক্ষেপ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলো:

- ক্যাশবুক, জেনারেল লেজার, সাব-সিডিয়ারী লেজার এবং আর্থিক প্রতিবেদনসমূহ ম্যানুয়ালী গতানুগতিক পদ্ধতিতে করতে অনেক সময় ও শ্রমের প্রয়োজন হতো। এক্ষেত্রে, ভুলত্রুটি হলে সংশোধন করা কষ্টদায়ক। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে General Accounting Software চালু করা হয়েছে এ সফটওয়্যারের মাধ্যমে সহজে এবং স্বল্প সময়ে হিসাবায়ন সম্পন্ন করা সম্ভব। বর্তমানে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক হিসাব সমাপ্তি 'General Accounting Software' এর মাধ্যমে সম্পাদন করা হয়েছে। ফলশ্রুতিতে, শাখা অফিসসহ সদর দফতর, হিসাব ও অর্থ বিভাগের অর্ধবার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত কাজের জটিলতা হ্রাস পেয়েছে এবং দ্রুত আর্থিক বিবরণী প্রস্তুতসহ হিসাব সমাপনী কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

- Management Information System (MIS) সফটওয়্যারের মাধ্যমে কর্পোরেশনের ঋণ মঞ্জুরী, আদায়, মামলা, খরিদাবাড়ী ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের শাখা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ, লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বাৎসরিক অর্থাৎ বিভিন্ন পর্যায়ের বিশ্লেষণধর্মী রিপোর্ট পাওয়া যাচ্ছে। এর মাধ্যমে কর্পোরেশনের ব্যবসায়িক উন্নতি/অবনতি সম্পর্কে স্বচ্ছ ধারণা পাওয়া যাচ্ছে ফলে, প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সহজ হয়েছে।

- অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের পেনশন নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা কমিয়ে আধুনিক সফটওয়্যার এর মাধ্যমে স্বল্প সময়ে পেনশন গ্রহীতার কাছে পেনশন পৌঁছে দেওয়া এই সেবার মূল উদ্দেশ্য। যে কোন সময়ে কোন ধরণের জটিলতা ছাড়াই পেনশন সংক্রান্ত বিভিন্ন

- তথ্য SMS এবং email এর মাধ্যমে পেনশনারদের কাছে Pension Payment System (PPS) এর মাধ্যমে পৌঁছে দেয়া যায়। এছাড়া, পেনশন প্রক্রিয়টি ডিজিটালাইজড হওয়ায় পেনশন সংক্রান্ত কাজ যথাযথভাবে সম্পাদন করা যাচ্ছে, ফলে স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে এবং দ্রুততার সাথে মানসম্মত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।

- বিএইচবিএফসি এবং সোনালী ব্যাংক লি: এর যৌথ ব্যবস্থাপনায় Mobile Apps Ges Web Portal-এ সোনালী ই-সেবা Payment Gateway এর মাধ্যমে Online-এ সোনালী ব্যাংক লি: এর হিসাব হতে, ডেবিট/ক্রেডিট কার্ড, এমএফএস যেমন-বিকাশ, রকেট, নগদ, ইউপে, ট্যাপ-ইত্যাদি ব্যবহার করে Real Time Gross Settlement (RTGS) পদ্ধতিতে সহজে এবং তাৎক্ষণিকভাবে বিএইচবিএফসি'র ঋণ হিসাবের কিস্তি জমা করার সুবিধা সহসা বাস্তবায়ন হবে।

- সেন্ট্রালাইজড পে-রোল ম্যানেজমেন্ট সিস্টেম (PRMS) এর কল্যাণে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের বেতনভাতা সংক্রান্ত জটিলতা নিরসন হয়েছে। এখন প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী তাঁদের ব্যক্তিগত ইমেইলে পে-স্লিপ পেয়ে থাকেন। স্যালারি সিস্টেম ডিজিটালাইজড হওয়ায় প্রত্যেক শাখা/রিজিওনাল/ জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ তাঁদের নিজ নিজ অফিস থেকে PRMS-এ যুক্ত হয়ে স্বয়ংক্রিয়ভাবে স্যালারি প্রস্তুত করে থাকে। ফলে, শাখা অফিসসহ সদর দফতর, হিসাব ও অর্থ বিভাগের বেতন ভাতাদি সংক্রান্ত কাজের জটিলতা অনেকাংশে হ্রাস পেয়েছে।

- কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্য তহবিল ও ভবিষ্য তহবিল এডভান্স, হাউজ বিল্ডিং এডভান্স, মোটর সাইকেল এডভান্স ও কম্পিউটার এডভান্স বিতরণ ও সমন্বয়ের জন্য Employee Loan Management System (ELMS) সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে, যার মাধ্যমে মাসিক ভিত্তিতে সকল হিসাবের আপডেটেড বিবরণী পাওয়া যাচ্ছে। Employee Loan Management System (ELMS) সফটওয়্যারের মাধ্যমে অগ্রিম বিষয়ক কর্তনের মাসিক বিবরণীও পাওয়া যায়। ফলে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এ সংক্রান্ত কাজের জটিলতা অনেকাংশে হ্রাস পেয়েছে।

- গৃহায়ন খাতে ঋণ প্রদানকারী সংস্থা হিসাবে ঋণের হিসাবায়ন সব সময়ই প্রতিষ্ঠানটির একটি গুরুত্বপূর্ণ কাজ হিসাবে বিবেচিত হয়ে আসছে। ঋণ হিসাবায়নের কাজে সময়ের সাথে সাথে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে নতুন নতুন প্রযুক্তি গ্রহণ করা হয়েছে। প্রসঙ্গত, ১৯৮৬ সালে ঋণের হিসাবায়নের কাজে বিএইচবিএফসি প্রথম কম্পিউটার প্রযুক্তির ব্যবহার শুরু করে। পরবর্তীতে ২০০১ সালে আধুনিক ডাটাবেজসহ ঋণের হিসাবায়ন সংক্রান্ত সফটওয়্যার চালু করা হয়। বর্তমানে আপডেটকৃত LMS সফটওয়্যারের মাধ্যমে কর্পোরেশনের সকল ঋণের হিসাবায়ন কার্যক্রম সম্পন্ন হচ্ছে। ৬২টি শাখা অফিসে সেন্ট্রাল ডাটাবেজ সিস্টেমের সহায়তায় ঋণ হিসাবের ডাটা এন্ট্রি, আপডেট, ভেলিডেশন, ক্লোজিং ও রিপোর্ট প্রিন্ট সংক্রান্ত কাজ করা হচ্ছে।

- ঋণ মঞ্জুরী প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য Web-Based সফটওয়্যার e-Home Loan Software (e-HLS) এর ৪টি মডিউল পাইলটিং এর জন্য চূড়ান্ত করা হয়েছে। এপ্রিল, ২০২১ হতে ঢাকাস্থ শাখা অফিসসমূহে এবং চট্টগ্রাম শাখা অফিসে পাইলটিং প্রোগ্রাম চালু করা হয়। শীঘ্রই e-HLS এর পূর্ণাঙ্গ বাস্তবায়নের মাধ্যমে সহজে এবং অতিদ্রুত ঋণ মঞ্জুরী প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

- কর্পোরেশনের সার্বিক কার্যাদি জবাবদিহিমূলক, স্বচ্ছ ও গতিশীল করার জন্য একটি আধুনিক, প্রযুক্তি নির্ভর ও পেপারলেস প্রতিষ্ঠান গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এ প্রেক্ষাপটে, সদর দফতরসহ ১০টি জোনাল অফিসের কার্যক্রম ই-নথির মাধ্যমে সফলভাবে সম্পন্ন করা হচ্ছে। পর্যায়ক্রমে কর্পোরেশনের সকল রিজিওনাল ও শাখা অফিসমূহের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হবে।

- সদর দপ্তরসহ সকল জোনাল, রিজিওনাল ও শাখা অফিসসমূহ হতে ঋণ আবেদনকারীর এনআইডি'তে সংরক্ষিত তথ্য যাচাই করা হচ্ছে।

- বিএইচবিএফসি সম্পর্কিত সব ধরনের তথ্য প্রদানের জন্য BHBFC Mobile App তৈরী করা হয়েছে, যা Google Play Store থেকে যেকোন Android ফোনে ডাউনলোড করে সহজেই ব্যবহার করা যায়।

- SMS এর মাধ্যমে গ্রাহকগণকে কিস্তি জমাদানের তথ্য, কিস্তি পরিশোধের তাগিদ প্রদানসহ বিএইচবিএফসি'র গৃহ ঋণ সংশ্লিষ্ট হালনাগাদ তথ্য অবহিত করা হচ্ছে।

- কর্পোরেশনের Procurement সংক্রান্ত কাজ পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন Central Procurement Technical Unit (CPTU) কর্তৃক প্রণীত e-GP পোর্টালের মাধ্যমে e-Tendering প্রক্রিয়ায় সম্পন্ন করা হচ্ছে।

- সম্মানিত ঋণ গ্রহীতাগণ বিইচবিএফসি'র নিজস্ব ওয়েবসাইটে (http://bhbfc.gov.bd) প্রয়োজনীয় তথ্যাদি ইনপুট দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে Online-এ বার্ষিক ও অর্ধ-বার্ষিক Loan Statement পেতে পারেন।

- বিএইচবিএফসির ওয়েবসাইট যttps://bhbfc.gov.bd ব্যবহার করে ঋণ প্রার্থীগণ ঋণের প্রাথমিক আবেদন দাখিল করতে পারেন।

- Dutch-Bangla Bank Mobile Banking (Rocket) এর মাধ্যমে কিস্তি গ্রহণ ব্যবস্থা চালু রয়েছে। এছাড়াও, Dutch-Bangla Bank Nexus Pay Credit Card এর মাধ্যমে ঋণ গ্রহীতাগণের কিস্তির টাকা গ্রহণ করার ব্যবস্থা চালু রয়েছে।

- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিএইচবিএফসি গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে Borrowers Identification Card বিতরণ একটি অন্যতম কর্মসূচী। এ কর্মসূচীটি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। এ প্রেক্ষিতে, বিএইচবিএফসি'র গ্রাহকদের জন্য যথাযথভাবে Borrowers Identification Card প্রস্তুত করে শাখা অফিসসমূহে সরবরাহ করা হচ্ছে।

- ইতোমধ্যে বিএইচবিএফসি'র সকল জোনাল, রিজিওনাল ও শাখা অফিসসমূহকে ইন্টারনেট ও CCTV এর আওতায় আনা হয়েছে। বিএইচবিএফসি'র অপারেশনাল কার্যক্রম ডিজিটালাইজেশনের লক্ষ্যে অনলাইন ও ওয়েববেইজড কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ২০১৮ সালে আধুনিক ডাটা-সেন্টার চালু করা হয়েছে, ডাটা-সেন্টারের ডাটাবেজ সফটওয়্যার হিসাবে বর্তমানে Oracle 12c RAC2 ডাটাবেজ এবং IBM (Power) ডাটাবেজ সার্ভার ও অ্যাপ্লিকেশন সার্ভার, SAN স্টোরেজ, রাউটার, ফায়ারওয়াল ও অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতির সমন্বয়ে আধুনিক মানের ডাটা-সেন্টার স্থাপন করা হয়েছে। ডাটা-সেন্টারের মাধ্যমে বিএইচবিএফসি'র সকল অফিস সেন্ট্রালাইজড ডাটাবেজের সাথে যুক্ত হয়ে ঋণের হিসাবায়নের কাজ সম্পাদন করছে।

MILESTONES

Description	Year
• Establishment	1952
• Formulation of Office Procedure Manual	1958
• Establishment of Head Office Building on own property	1960
• Reconstruction (as BHBFC) according to P.O - 7	1973
• Formulation of first Service Regulation	1985
• Formulation of Loan Manual	2011
• Launching Website	2003
• Rendering P.O -7 in Bangla	2004
• Receiving Honor of Holding Tax Card As Tenth Highest Income -Tax Paying Institution	2010-2011
• Publication (Housing Finance Bulletin) of 'Griho Rin Barta'	2012
• Inauguration of Regional office, Kishoreganj by The Honorable President Md. Abdul Hamid	2013
• Inauguration of Regional office, Gopalganj by The Honorable Prime Minister Sheikh Hasina	2013
• Introducing Online Loan Application	2013
• Signing of APA Memorandum Of Understanding (MOU) with Ministry of Finance	2015
• Launching Mobile App	2015
• Establishment of Training Institute	2016
• Installation of Modern Help-Desk at Head Office	2017
• Reformation of Organogram	2017
• Launching new loan Products	2017
• Implementation of Single-digit Interest Rate	2017
• Increasing the Loan -ceiling in one Crore Taka	2017
• Launching BEFTN System	2017
• Creating Opportunity to Get Online Loan Statement	2017
• Expanding Office all Over the Country	2018
• Installation of Data Center	2018
• Achieving 1st Position in Annual Performance Agreement	2019-20
• Achieving 1st Position in Annual Performance Agreement	2020-21
• Introduction of Office Management System (OMS)	2021
• Introducement of 62nd Office	2022
• Introduction of Islami Shariah-based investment product "Manjil"	2022

Offices as per ORGANIZATIONAL STRUCTURE

Head Office

- **Three Secretariats:**

	✓ MD's Secretariat	✓ DMD's Secretariat	✓ Board Secretariat

- **6 General Manager's Offices**

- **14 Departments:**

✓ Adminis tration	✓ Accounts & Finance	✓ Loan
✓ Kharidabari Management	✓ Recovery	✓ Audit
✓ ICT (System)	✓ Common Services	✓ ICT (Operation)
✓ Law	✓ Engineering	✓ Training Institute
✓ Marketing & Development	✓ Planning & Human Resource Development	

Field Offices

- **10 Zonal Offices**

Zonal office, Dhaka North	Zonal office, Mymensingh	Zonal office, Dhaka South
Zonal office, Barishal	Zonal office, Chattogram	Zonal office, Rangpur
Zonal office, Khulna	Zonal office, Sylhet	Zonal office, Rajshahi
Zonal office, Faridpur		


- **14 Regional Offices**

Regional Office, Jashore	Regional Office, Narsingdi	Regional Office, Gopalganj
Regional Office, Pabna	Regional Office, Tangail	Regional Office, Bogura
Regional Office, Narayanganj	Regional Office, Jamalpur	Regional Office, Dinajpur
Regional Office, Gazipur	Regional Office, Cumilla	Regional Office, Kushtia
Regional Office, Noakhali	Regional Office, Rangamati	

- **61 Branch Offices**

Dhaka North	Tangail	Khulna	Dinajpur	Barishal
Dhaka South	Kishoreganj	Jashore	Lalmonirhat	Pirojpur
Pallabi	Rajbari	Satkhira	Gaibandha	Patuakhali
Gulshan	Madaripur	Magura	Thakurgaon	Bhola
Dhanmondi	Gopalganj	Chuadanga	Kurigram	Sylhet
Mirpur	Faridpur	Kushtia	Mymensingh	Habiganj
Keraniganj	Chattagram	Jhenaidah	Jamalpur	Sunamganj
Savar	Cox's Bazar	Bagerhat	Sherpur	Sreemangal
Khilgaon	Rangamati	Rajshahi	Netrokona	Bogura
Gazipur	Cumilla	Sirajganj	Chandpur	Natore
Narsingdi	Feni	Pabna	Lakshmipur	Naogaon
Manikganj	B.Baria	Munshiganj	Noakhali	Rangpur
Narayanganj	Khagrachari			

বাংলাদেশ হাউজ বিল্ডি
সাংগঠনিক ক
মোট জনব




বিএইচবিএফসি'র TO&E ভুক্ত সরঞ্জামাদি


ক্রমিক	মোটরযান/যন্ত্রপাতির বিবরণ	সংখ্যা	মোট
১	জীপ	০৮	২৭
	কার	১৭	
	মাইক্রোবাস	০২	
২	এ.সি.	৭৮	৭৮
৩	ফটোকপি মেশিন	১৩	১৩

অনুমোদিত জনবলের সারসংক্ষেপঃ


ক্রঃ নঃ	পদবী	গ্রেড	বেতন স্কেল	জনবল
১	ব্যবস্থাপনা পরিচালক	গ্রেড-১	৭৮০০০/- (নির্ধারিত)	১
২	উপ-ব্যবস্থাপনা পরিচালক	গ্রেড-২	৬৬০০০-৭৬৪৯০/-	১
৩	মহাব্যবস্থাপক	গ্রেড-২	৬৬০০০-৭৬৪৯০/-	৬
৪	উপ-মহাব্যবস্থাপক	গ্রেড-৩	৫৬৫০০-৭৪৪০০/-	৩৮
৫	সহকারী মহাব্যবস্থাপক	গ্রেড-৪	৫০০০০-৭১২০০/-	৬১
৬	সিনিয়র সিস্টেম এনালিস্ট	গ্রেড-৪	৫০০০০-৭১২০০/-	৪
৭	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	গ্রেড-৫	৪৩০০০-৬৯৮৫০/-	৯৩
৮	সিষ্টেম এনালিস্ট	গ্রেড-৫	৪৩০০০-৬৯৮৫০/-	৮
৯	প্রিন্সিপাল অফিসার	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	১৫৭
১০	নির্বাহী প্রকৌশলী	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	১৩
১১	প্রোগ্রামার	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	১২
১২	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	৩
১৩	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেট)	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	৩
১৪	হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	গ্রেড-৬	৩৫৫০০-৬৭০১০/-	৩
১৫	সিনিয়র অফিসার	গ্রেড-৯	২২০০০-৫৩০৬০/-	২২৭
১৬	আইন অফিসার	গ্রেড-৯	২২০০০-৫৩০৬০/-	৩৬
১৭	সহকারী প্রকৌশলী	গ্রেড-৯	২২০০০-৫৩০৬০/-	২৫
১৮	সহকারী প্রোগ্রামার	গ্রেড-৯	২২০০০-৫৩০৬০/-	২০
১৯	অফিসার	গ্রেড-১০	১৬০০০-৩৮৬৪০/-	৩৪৬
২০	উপ-সহকারী প্রকৌশলী	গ্রেড-১০	১৬০০০-৩৮৬৪০/-	৩৩
২১	ডাটা এন্ট্রি অপারেটর	গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	১৫৫
২২	ড্রাইভার	গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	৪২
২৩	ইলেকট্রিশিয়ান	গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	১০
২৪	ফটোকপি মেশিন অপারেটর	গ্রেড-১৮	৮৮০০-২১৩১০/-	৫
২৫	অফিস সহায়ক	গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	১৮৫
২৬	প্লাম্বার	গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	১০
২৭	মালী	গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	৫
মোট				১৫০২



ং ফাইনান্স কর্পোরেশন
ঠামো, ২০২২
বল- ১৫০২



মাঠ কার্যালয়ের জনবল



জনবলের অফিসভিত্তিক বিবরণী

ক্রঃ নঃ	পদবী	সদর দফতর	মাঠ কার্যালয়					
			বিভাগীয় কার্যালয় (০৪টি)	আঞ্চলিক কার্যালয় (১৮টি)	শাখা অফিস			মোট
					ক্যাটাগরি -'এ' (২০টি)	ক্যাটাগরি- 'বি' (২৭টি)	ক্যাটাগরি- 'সি' (৫৩টি)	
১	ব্যবস্থাপনা পরিচালক	১	০	০	০	০	০	১
২	উপ-ব্যবস্থাপনা পরিচালক	১	০	০	০	০	০	১
৩	মহাব্যবস্থাপক	৪	২	০	০	০	০	৬
৪	উপ-মহাব্যবস্থাপক	১৬	৪	১৮	০	০	০	৩৮
৫	সহকারী মহাব্যবস্থাপক	১৯	৪	১৮	২০	০	০	৬১
৬	সিনিয়র সিস্টেম এনালিস্ট	৪	০	০	০	০	০	৪
৭	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	২৪	৪	১৮	২০	২৭	০	৯৩
৮	সিস্টেম এনালিস্ট	৮	০	০	০	০	০	৮
৯	প্রিন্সিপাল অফিসার	৩১	৮	১৮	২০	২৭	৫৩	১৫৭
১০	নির্বাহী প্রকৌশলী	৫	৮	০	০	০	০	১৩
১১	প্রোগ্রামার	১২	০	০	০	০	০	১২
১২	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	৩	০	০	০	০	০	৩
১৩	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেট)	৩	০	০	০	০	০	৩
১৪	হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	৩	০	০	০	০	০	৩
১৫	সিনিয়র অফিসার	৩৮	৬	৩৬	৪০	৫৪	৫৩	২২৭
১৬	আইন অফিসার	০	০	৩৬	০	০	০	৩৬
১৭	সহকারী প্রকৌশলী	৫	০	০	২০	০	০	২৫
১৮	সহকারী প্রোগ্রামার	১৬	৪	০	০	০	০	২০
১৯	অফিসার	৪৬	৬	৫৪	৮০	৫৪	১০৬	৩৪৬
২০	উপ-সহকারী প্রকৌশলী	৬	০	০	০	২৭	০	৩৩
২১	ডাটা এন্ট্রি অপারেটর	৩৩	৪	১৮	২০	২৭	৫৩	১৫৫
২২	ড্রাইভার	১৮	৬	১৮	০	০	০	৪২
২৩	ইলেকট্রিশিয়ান	৬	৪	০	০	০	০	১০
২৪	ফটোকপি মেশিন অপারেটর	৫	০	০	০	০	০	৫
২৫	অফিস সহায়ক	৪১	৮	৩৬	২০	২৭	৫৩	১৮৫
২৬	প্লাম্বার	৬	৪	০	০	০	০	১০
২৭	মালী	১	৪	০	০	০	০	৫
	মোট	৩৫৫	৭৬	২৭০	২৪০	২৪৩	৩১৮	১৫০২

মানব সম্পদ সংক্রান্ত প্রতিবেদন
Report on Human Resources

উপযুক্ত ও দক্ষ মানব সম্পদ প্রতিটি প্রতিষ্ঠানেরই গুরুত্বপূর্ণ উপাদান। প্রতিষ্ঠানের সফলতা অনেকাংশেই এর দক্ষ মানব সম্পদ ব্যবস্থাপনার উপর নির্ভর করে। প্রতিষ্ঠানের প্রতি কর্মীদের আকৃষ্ট করা, আগ্রহীদের মধ্য থেকে যোগ্যদের খুঁজে বের করা ও নিয়োগ প্রদান, সময়োপযোগী ও মানসম্মত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরী করা, কর্মীদের অনুপ্রাণিত করা ও তাঁদের সাথে প্রতিষ্ঠানের সু-সম্পর্ক বজায় রাখা, তাঁদের কর্মজীবনে উত্তরোত্তর উন্নয়নের পথ সৃষ্টি করা মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের কাজ। বিএইচবিএফসি মানব সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে আদর্শ মানদন্ড বজায় রেখে অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য সদা সচেষ্ট।

কর্পোরেশনের মানব সম্পদ কাঠামো:

কর্পোরেশন সদর দপ্তর, প্রশাসন বিভাগের অধীনে মানব সম্পদ ব্যবস্থাপনা করা হয়ে থাকে। মানব সম্পদ ব্যবস্থাপনা কাঠমোর মধ্যে প্রশাসন বিভাগের দৈনন্দিন কার্যক্রম, পেনশন ও ওয়েলফেয়ার, শৃংখলা সংক্রান্ত কার্যক্রম, নিয়োগ, বদলী, পদোন্নতি-ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত সাংগঠনিক কাঠামো মোতাবেক দক্ষ জনবল নিয়োগ, পদোন্নতি, বদলী সংক্রান্ত কার্যক্রম; কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ; কর্মকর্তা-কর্মচারীদের ছুটি প্রদান, বেতন নির্ধারণ, বার্ষিক বেতন বৃদ্ধি মঞ্জুরী ইত্যাদি ,কর্মকর্তা-কর্মচারী চাকুরী বিধি প্রণয়ন, সংশোধন, প্রশাসনিক বিধি-প্রবিধি, আদেশ, প্রজ্ঞাপন-ইত্যাদি প্রণয়ন, কর্মকর্তা-কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল/বাই সাইকেল তথা যানবাহন, কম্পিউটার/ল্যাপটপ অগ্রিম প্রদান, পেনশন/কল্যাণ তহবিল সংক্রান্ত কার্যক্রম সম্পাদন, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ-ইত্যাদি।

সামগ্রিক মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিঃ



বিদ্যমান মানব সম্পদের কিছু গুরুত্বপূর্ণ উপাদান বিশ্লেষণ ঃ-

অর্থ মন্ত্রণালয় অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী বর্তমানে বিএইচবিএফসিতে মোট স্থায়ী পদের সংখ্যা ১২৯৭টি। ৩০শে জুন ২০২২ তারিখে কর্পোরেশনে মোট কর্মরত জনবল ৬০৮ জন। সদর দফতরে কর্মরত মোট ১৯৩ জন এবং মাঠ-পর্যায়ের অফিসসমূহে কর্মরত মোট ৪১৫ জন। মোট জনবল ৬০৮ জনের মধ্যে কর্মকর্তার সংখ্যা ৪৬৩ জন এবং কর্মচারীর সংখ্যা ১৪৫ জন। নিম্নে ছকে বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

ছক-১: ৩০.০৬.২০২২ তারিখে কর্মরত জনবলের বিবরণীঃ


ক্রঃ নঃ	পদবী		গ্রেড	মোট
১	ব্যবস্থাপনা পরিচালক	MD	১ম	১
২	উপ-ব্যবস্থাপনা পরিচালক	DMD	২য়	১
৩	মহাব্যবস্থাপক	GM		৬
৪	উপ-মহাব্যবস্থাপক	DGM	৩য়	১৬
৫	সহকারী মহাব্যবস্থাপক	AGM	৪র্থ	২২
৬	সিনিয়র সিস্টেম এনালিস্ট	SSA		০
৭	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	SPO	৫ম	৭৯
৮	সিস্টেম এনালিস্ট	SA		০
৯	প্রিন্সিপাল অফিসার	PO	৬ষ্ঠ	৮৪
১০	নির্বাহী প্রকৌশলী	XEN		৯
১১	প্রোগ্রামার	Programmer		৩
১২	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	M. Eng.		২
১৩	মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার(নেটওয়ার্ক)	M. Eng. Net		২
১৪	হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	H. Eng.		০
১৫	সিনিয়র অফিসার	SO	৯ম	১২৭
১৬	আইন অফিসার	LO		১৪
১৭	সহকারী প্রকৌশলী	AE		১৩
১৮	সহকারী প্রোগ্রামার	AP		১০
মোট ১ম শ্রেণী				৩৮৯
১৯	অফিসার	Officer	১০ম	৫৩
২০	উপ-সহকারী প্রকৌশলী	SAE		২১
মোট ২য় শ্রেণী				৭৪

ক্রঃ নঃ	পদবী		গ্রেড	মোট
২১	ডাটা এন্ট্রি অপারেটর	DEO	১৩তম	৩৭
২২	ড্রাইভার	Driver	১৬তম	২৩
২৩	ইলেকট্রিশিয়ান	Electrician		৫
মোট ৩য় শ্রেণী				৬৫
২৪	ফটোকপি মেশিন অপারেটর	FMO	২০তম	৪
২৫	অফিস সহায়ক	OSS		৫২
২৬	পাম্বার	Plumber		৪
২৭	মালী	Gardener		০
মোট ৪র্থ শ্রেণী				৬০
সর্বমোট				৫৮৮
২৮	নিরাপত্তা প্রহরী	Guard	২০তম	১৪
২৯	লিফ্‌ট্ অপারেটর	Lift Ope.		১
৩০	বাস হেলপার	Bus Helper		১
৩১	পরিচ্ছন্নতা কর্মী	Cleaner		৪
সুপারনিউমারী পদে কর্মরত				২০
সর্বমোট জনবল : ৬০৮ [নিয়মিত-৫৮৮ ও সুপারনিউমারী-				৬০৮

ক্রমিক নং	গ্রেড ভিত্তিক জনবলের তথ্য	মোট
১	১ম - ১০ম গ্রেড ভূক্ত	৪৬৩
২	১৩তম-১৬তম গ্রেড ভূক্ত	৬৫
৩	২০তম গ্রেড ভূক্ত	৬০
৪	২০তম গ্রেড ভূক্ত (সুপারনিউমারী পদে কর্মরত)	২০
	মোট =	৬০৮

ছক-২: ৩০.০৬.২০২১ তারিখে কর্মরত অফিস ভিত্তিক কর্মরত জনবলের বিবরণী

অফিসের নাম	কর্মরত জনবলের সংখ্যা
সদর দফতর	১৯৩
জোনাল অফিস	৬৫
রিজিওনাল অফিস	৫৪
শাখা অফিস	২৯৬
সর্বমোট	৬০৮




নিয়োগঃ বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় ও মেধার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হয়ে থাকে। এক্ষেত্রে, ১০ম এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত (১ম ও ২য় শ্রেণির) পদ সমূহে ব্যাংকার্স সিলেকশন কমিটি (বিএসসি) সচিবালয়, বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়ে থাকে। ২০২১-২০২২ অর্থবছরে কর্পোরেশনে ৪৮ জন কর্মকর্তা নিয়োগের জন্য বিএসসি কর্তৃক সুপারিশ করা হয়। কর্পোরেশনে ২০২১-২০২২ অর্থবছরে ৩য় ও ৪র্থ শ্রেণির (১৩তম-২০তম গ্রেডভূক্ত) কোন পদে নিয়োগ প্রদান করা হয়নি।

পদোন্নতিঃ কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি নীতিমালা-২০১১ মোতাবেক কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি প্রদান করা হয়ে থাকে। পদোন্নতির ক্ষেত্রে মেধা, দক্ষতা, জ্যেষ্ঠতা, নিয়মানুবর্তীতা এবং যোগ্যতাকে অগ্রাধিকার দেওয়া হয়। ২০২১-২০২২ অর্থবছরে কর্পোরেশনে ২ জন কর্মকর্তা বিভিন্ন পর্যায়ে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন।



ঋণ প্রোডাক্ট ও সেবাসমূহ
LOAN PRODUCTS & SERVICES

পল্লীমা



বিএইচবিএফসি

মেগাসিটি বহির্ভূত অঞ্চলের জনসাধারণের
আবাসন সুবিধা নিশ্চিতকল্পে

পল্লীমা ঋণ

- **ঋণের প্রকৃতি**
  ১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
  ২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;
  ৩। ফ্ল্যাট ঋণ।

- **ঋণের আবেদনকারী**
  ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা বাদে দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায়, কক্সবাজার এর উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকা, সাভার উপজেলা রাজউক এর আওতাধীন এলাকা এবং সাভার ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন এলাকার নাগরিকগণ।

- **সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র**
  ১। সংশ্লিষ্ট অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
  ২। অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
  ৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
  ৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

- **পরিশোধের মেয়াদ**
  ৫,১০,১৫ ও ২০ বছর

- **ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)**
  ক) বাড়ী নির্মাণ- ৮০ ঃ ২০
  খ) ফ্ল্যাট - ৭৫ ঃ ২৫

- **ঋণের সুবিধা প্রকৃতি**
  ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৮% সুদে সর্বোচ্চ সিলিং ২ কোটি টাকা;
  খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে ৮% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ২০ লক্ষ টাকা;

নগরবন্ধু



বিএইচবিএফসি

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাসীর জন্য

নগরবন্ধু ঋণ

ঋণের প্রকৃতি

১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপভিত্তিক ঋণ;

ঋণের আবেদনকারী

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার নাগরিকগণ; যাদের বাড়ী নির্মাণ উপযোগী জমির মালিকানা রয়েছে এবং উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে নির্মিতব্য বাড়ীর অনুমোদিত নকশা রয়েছে/অনুমোদন গ্রহণ করতে পারবেন।

সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

১। সংশ্লিষ্ট অফিস থেকে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
২। অনুমোদিত নকশা ও অনুমোদনপত্রের সত্যায়িত;
৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি

পরিশোধের মেয়াদ

৫,১০,১৫ ও ২০ বছর

ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

বাড়ী নির্মাণ- ৮০ ঃ ২০

ঋণের সুবিধা প্রকৃতি

ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ২ কোটি টাকা;
খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ২০ লক্ষ টাকা।

প্রবাসবন্ধু



বিএইচবিএফসি

প্রবাসী বাংলাদেশীদের জন্য

প্রবাসবন্ধু ঋণ

- **ঋণের প্রকৃতি**

  ১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
  ২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপভিত্তিক ঋণ;
  ৩। ফ্ল্যাট ঋণ।

- **ঋণ কর্মসূচী বাস্তবায়ন সুবিধা**

  প্রবাসী বাংলাদেশী নাগরিকদের জন্য দেশের মেট্রোপলিটন এলাকা, সিটি কর্পোরেশন এলাকা, বিভাগীয় সদর, জেলা সদর, গ্রোথ সেন্টার এবং গ্রামীন উন্নত এলাকায় গৃহনির্মাণ ঋণ প্রদান।

- **সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র**

  ১। সংশ্লিষ্ট জোনাল/রিজিওনাল/শাখা অফিস থেকে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
  ২। অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
  ৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
  ৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

- **পরিশোধের মেয়াদ**

  ৫,১০,১৫, ২০ ও ২৫ বছর

- **ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)**

  বাড়ী নির্মাণ- ৭০ ঃ ৩০

- **ঋণের সুবিধা প্রকৃতি**

  ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণে ৯% সুদে সর্বোচ্চ সিলিং: ২ কোটি টাকা;
  খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ২০ লক্ষ টাকা।

ফ্ল্যাট ঋণ



বিএইচবিএফসি

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং
দেশের সকল বিভাগীয়, জেলা সদর পেরি-আরবান ও উপজেলা
সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার জন্য

ফ্ল্যাট ঋণ

দাখিলতব্য কাগজপত্র

- ঋণের সাময়িক আবেদন ফরমে ঋণ গ্রহীতা এবং ডেভেলপার অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে উহার তথ্য সংযোজন করতে হবে এবং বন্ধক প্রদানের পূর্বেই ফ্ল্যাটটি অন্য প্রতিষ্ঠানের ঋণ মুক্ত সনদ দিতে হবে;
- ফ্ল্যাট ক্রেতা এবং ডেভেলপার এর সাথে সম্পাদিত ফ্ল্যাট ক্রয়ের রেজিস্ট্রিকৃত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;
- সরকারি ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দপত্রের সত্যায়িত ফটোকপি;
- জমির মালিক এবং ডেভেলপার এর সাথে সম্পাদিত চুক্তি পত্রের সত্যায়িত ফটোকপি;
- অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি।

ঋণের সুবিধা প্রকৃতি

ক) ঢাকা ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ৫০ লক্ষ টাকা;

খ) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটনের বাইরে অন্যান্য এলাকায় ও দেশের সকল সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ২০ লক্ষ টাকা;

গ) দেশের সকল জেলা সদর এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৭৫ লক্ষ টাকা;

ঘ) পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ-সেন্টার এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৫০ লক্ষ টাকা।


ইকুইটি (ঋণ ঃ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

৭৫ : ২৫
(প্রবাসবন্ধু ঋণে ৭০:৩০)

পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫ ও ২০ বছর
(প্রবাসবন্ধু ঋণে ২৫ বছর)

কৃষক আবাসন ঋণ



বিএইচবিএফসি

কৃষক ভাইদের জন্য
কৃষক আবাসন ঋণ

ঋণের প্রকৃতি

- বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;

ঋণের আবেদনকারী

পেরি-আরবান, উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার স্থায়ী বাসিন্দা ও স্বচ্ছল কৃষকগণ "কৃষক আবাসন ঋণ (একক ও গ্রুপ)" এর জন্য আবেদন করতে পারবেন।

সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

- সংশ্লিষ্ট থেকে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
- অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
- সাইট পরিদর্শনের জন্য রুট ম্যাপ;
- মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫, ২০ ও ২৫ বছর

ইকুইটি (ঋণ ঃ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

বাড়ী নির্মাণ- ৮০ ঃ ২০

ঋণের সুবিধা প্রকৃতি

ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৭% সুদে সর্বোচ্চ সিলিং ৩০ লক্ষ টাকা;
খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপভিত্তিক ঋণের ক্ষেত্রে ৭% সুদে সর্বোচ্চ সিলিং ২০ লক্ষ টাকা।

আবাসন মেরামত



বিএইচবিএফসি

নির্মিত বাড়ি সংস্কার ও মেরামতের জন্য

আবাসন মেরামত ঋণ

ঋণের প্রকৃতি

- ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকার নাগরিকগণ যাদের নির্মিত এবং সংস্কার/মেরামতযোগ্য ইমারত আছে;
- বিএইচবিএফসি হতে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে যথাসময়ে সমুদয় টাকা সুদাসলে পরিশোধকারী ব্যক্তিও ঋণ পেতে পারেন।
- বিএইচবিএফসি হতে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে নির্মিত বাড়ির জন্যও এই ঋণ গ্রহণ করা যাবে। তবে সেক্ষেত্রে মূল ঋণ ও আবাসন মেরামত ঋণের হিসাব পৃথক পৃথক ক্যাটাগরীতে হিসাবায়ন করা হবে;
- প্রস্তাবিত বাড়ীর মূল্য প্রদেয় ঋণের ৫ (পাঁচ) গুণ হতে হবে;
- নকশার অনুমোদন ৩৫ বছর অতিক্রম করলে আবাসন মেরামত ঋণ প্রযোজ্য হবে না।

ইকুইটি

যেহেতু নির্মিত বাড়ীর জন্য মেরামত ঋণ দেয়া হবে, সেহেতু ভিন্নভাবে ঋণ গ্রহীতার কোন বিনিয়োগ থাকবে না। তবে, কর্পোরেশনের নির্মাণ হার ভিত্তিতে প্রাক্কলিত খরচের সর্বোচ্চ ২৫% পর্যন্ত মেরামত বাবদ ঋণ দেয়া যাবে।

ঋণের সুবিধা প্রকৃতি

ক) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা;
খ) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাদে দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় ৮% সুদে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।

পরিশোধের মেয়াদ

৫ ও ১০ বছর

আবাসন উন্নয়ন



বিএইচবিএফসি

অসমাপ্ত বাড়ির নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য

আবাসন উন্নয়ন ঋণ

- **ঋণের আবেদনকারী**
  - ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা, বিভাগীয় ও জেলা সদর, পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ সেন্টার এলাকায় নির্মিত ও নির্মাণাধীন অসম্পূর্ণ নতুন বাড়ী সমাপ্ত করার জন্য ঋণের আবেদন করতে **পারবেন;**
  - বহুতল বাড়ী নির্মাণে নকশা অনুমোদন করে নিজস্ব অর্থায়ণে এক বা একাধিক তলা নির্মাণের পর অসম্পূর্ণ নির্মাণ কাজ সমাপ্ত করার জন্যএই ঋণ বিতরণ করা হবে;
  - বিএইচবিএফসি থেকে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে যথাসময়ে সমুদয় টাকা সুদ-আসলে পরিশোধকারী ব্যক্তি এ ঋণ পেতে পারেন;
  - বিএইচবিএফসি থেকে গৃহীত ঋণ অপরিশোধিত থাকলে মূল ঋণ ও আবাসন উন্নয়ন ঋণের হিসাব পৃথক পৃথক ক্যাটাগরীতে হিসাবায়ণ করা হবে।

- **ঋণের সুবিধা প্রকৃতি**

ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৮% সুদে সর্বোচ্চ সিলিং ২ কোটি টাকা;

খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে ৮% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি ২০ লক্ষ টাকা।

- **ইকুইটি (ঋণ ঃ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)**
  ৮০ ঃ ২০

- **পরিশোধের মেয়াদ**
  ৫, ১০, ১৫ ও ২০ বছর

ফ্ল্যাট রেজিস্ট্রেশন



বিএইচবিএফসি

ক্রয়কৃত ফ্ল্যাট নিবন্ধনের জন্য

ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ

- **ঋণের আবেদনকারী**
  - ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাসহ দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় বায়না চুক্তি ও ফ্ল্যাট ক্রয়ে আবদ্ধ ফ্ল্যাট ক্রেতা এবং ইতোমধ্যে কর্পোরেশন হতে ত্রি-পক্ষীয় চুক্তির মাধমে আংশিক অথবা সম্পূর্ণ টাকা গ্রহণকারী ঋণ গ্রহীতাগণ যাঁরা ফ্ল্যাটটি বন্ধক প্রদানের ব্যবস্থা করবেন।

- **সুদের হার**
  ৯%

- **ঋণের সর্বোচ্চ সিলিং**
  - ১৫ লক্ষ টাকা। এক্ষেত্রে ফ্ল্যাট ঋণের নীতিমালায় নির্ধারিত ফ্ল্যাট ঋণের স্ব-স্ব এলাকার সর্বোচ্চ সিলিং এর মধ্যে ঋণ সীমাবদ্ধ থাকবে;
  - ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণের খরচের হিসাব সংশ্লিষ্ট অফিসের আইন কর্মকর্তা নির্ধারণ/প্রাক্কলন করবেন।

- **পরিশোধের মেয়াদ**
  ৫ বছর

সরকারি কর্মচারী গৃহঋণ



বিএইচবিএফসি

সরকারি কর্মচারীদের জন্য গৃহনির্মাণ ও ফ্ল্যাট ঋণ

ঋণের আবেদনকারী

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/কার্যালয়সমূহে শুধুমাত্র স্থায়ী পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত কর্মচারী (বেসামরিক/সামরিক), জুডিশিয়াল সার্ভিসে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত সদস্যগণ, পাবলিক বিশ্ববিদ্যালয়ে কেবলমাত্র স্থায়ী পদের বিপরীতে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত পূর্ণকালীন শিক্ষক ও কর্মচারী এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী।

ঋণের সর্বোচ্চ সিলিং

৭৫.০০ লক্ষ টাকা
(মাননীয় প্রধান বিচারপতি ও সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য সর্বোচ্চ ১ কোটি টাকা)

ইকুইটি (ঋণ ঃ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

৯০:১০

সুদ হার

৯.০০%
(৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়)

ঋণ প্রাপ্তির যোগ্যতা

ক) আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে;
খ) আবেদনকারীর বয়সসীমা:

- সরকারি কর্মচারীগণ ও জুড়িশিয়াল সার্ভিসে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫৮ (আটান্ন) বছর;
- পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের ক্ষেত্রে অবসরোত্তর ছুটিতে গমনের ০১ (এক) বছর পূর্ব পর্যন্ত আবেদন করতে পারবে।

জিরো ইক্যুইটি



বিএইচবিএফসি

মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে
জিরো ইক্যুইটি ঋণ

- **ঋণের আবেদনকারী**
  - ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মেট্রোপলিটন এলাকা বাদে বিভাগীয়, জেলা, উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার বাংলাদেশী নাগরিকগণ এই ঋণের আবেদন করতে পারবেন।

- **ঋণের সিলিং**
  সর্বোচ্চ ১৬.৫০ লক্ষ টাকা

- **সুদ হার**
  * ৮% (পল্লীমা ঋণের আওতায়)
  * ৭% (কৃষক আবাসন ঋণের আওতায়)

- **ঋণের সুবিধা প্রকৃতি**
  ক) বিভাগীয়, জেলা, উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকায় নির্দিষ্ট আয়তনের বাড়ি নির্মাণ উপযোগী কমপক্ষে ৪ শতক নিষ্কন্টক জমির মালিক হতে হবে;
  খ) "জিরো ইক্যুইটি আবাসন ঋণ" এর লোন-টু-ভ্যালু অনুপাত হবে ১:২;
  গ) বিএইচবিএফসি কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ডিজাইন অথবা গ্রাহকের নিজস্ব ডিজাইন মোতাবেক ৬০০ হতে ৯০০ বর্গফুট আয়তন বিশিষ্ট একতলা বাড়ি নির্মাণ করতে হবে।

- **পরিশোধের মেয়াদ**
  ৫, ১০, ১৫ ও ২০ বছর

হাউজিং ইক্যুইপমেন্ট ঋণ



বিএইচবিএফসি

বহুতল ভবনসমূহে লিফট, সাব-স্টেশন ও জেনারেটর স্থাপনের মাধ্যমে আবাসনকে আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে

হাউজিং ইক্যুইপমেন্ট ঋণ

ঋণের আবেদনকারী

দেশের সকল বিভাগীয় সদর, সিটি কর্পোরেশন ও জেলা সদরের আওতাধীন এলাকাসমূহের নাগরিকগণ; যাঁদের নির্মাণ উপযোগী জমির মালিকানা রয়েছে। উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ৪ বা তদূর্ধ্ব তলা বিশিষ্ট নির্মিতব্য বাড়ির অনুমোদিত নকশা রয়েছে।

ঋণ আবেদনকারীর যোগ্যতা

- **যাঁরা ইতোমধ্যে বিএইচবিএফসির ঋণে বাড়ি নির্মাণ** করেছেন কিন্তু লিফট, সাব-স্টেশন ও জেনারেটর ক্রয় করেন নাই তারাও সিলিং এর মধ্যে অনুমোদিত নকশায় লিফট সুবিধা থাকা সাপেক্ষে লিফট, সাব-স্টেশন ও জেনারেটর বাবদ ঋণ গ্রহণ করতে পারবেন;
- বিএইচবিএফসি হতে ঋণ গ্রহণ করেননি কিন্তু যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বাড়ির নকশায় লিফটের বিধান আছে এরূপ ক্ষেত্রে লিফট, সাব-স্টেশন এবং জেনারেটর এর জন্য ঋণ প্রদান করা যাবে। সে ক্ষেত্রে সম্পূর্ণ বাড়িটি (জমিসহ) বিএইচবিএফসি'র অনুকূলে বন্ধক প্রদান করতে হবে।

ঋণের সুবিধা প্রকৃতি

- নির্ধারিত এলাকার সিলিং এর মধ্যে সীমাবদ্ধ রেখে সর্বোচ্চ ৩৫ লক্ষ টাকা।

সুদের হার

- ৯% (ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটনের আওতাধীন এলাকাসমূহে)
- ৮% (ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটনের আওতাধীন এলাকাবাদে দেশের সকল বিভাগীয় সদর, সিটি কর্পোরেশন ও ভোলা সদরের আওতাধীন এলাকা সমূহে)

পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫ ও ২০ বছর

মনজিল



বিএইচবিএফসি

ইসলামী শরিয়াহ ভিত্তিক বাড়ি নির্মাণ বিনিয়োগ

মনজিল

- **ঋণের আবেদনকারী**
  - ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মহানগর অঞ্চল ব্যতীত দেশের সকল বিভাগীয় ও জেলা সদর, উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার নাগরিকগণ

- **ঋণের প্রকৃতি**
  - বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
  - বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;

- **সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র**
  - যথাযথভাবে পূরণকৃত সাময়িক আবেদনপত্র;
  - মূল মালিকানা দলিল এর সত্যায়িত ফটোকপি;
  - নামজারী, পর্চা, ডিসিআর, খারিজ খতিয়ান ও হালসনের খাজনা রশিদ;
  - নির্মানাধীন/নির্মিতব্য ভবনের অনুমোদিত নকশা এবং নকশা অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি;
  - সাইট পরিদর্শনের জন্য রুট ম্যাপ;
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি।

- **ঋণের সিলিং**
  সর্বোচ্চ ১২০ লক্ষ টাকা

- **মুনাফার হার**
  ৭% ও ৮%

- **পরিশোধের মেয়াদ**
  ০৫, ১০, ১৫ ও ২০ বছর

- **ঋণের সুবিধা প্রকৃতি**

ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৮% মুনাফায় সর্বোচ্চ সিলিং ১২০ লক্ষ টাকা;
খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপভিত্তিক ঋণের ক্ষেত্রে ৮% মুনাফায় সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
খ) কৃষক/কৃষিজীবী গ্রাহক ঋণের ক্ষেত্রে ৭% মুনাফায় সর্বোচ্চ সিলিং ৩০ লক্ষ টাকা।

স্বপ্ননীড়



বিএইচবিএফসি

নিম্ন আয়ের জনগোষ্ঠীর
আবাসনের স্বপ্ন পূরণে

স্বপ্ননীড়

- **ঋণের আবেদনকারী**

  নিম্ন আয়ের চাকুরিজীবী; বিশেষত:

  ক) সরকারি ও বেসরকারি (এমপিওভুক্ত) স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও কর্মচারী,

  খ) নিবন্ধিত স্বাস্থ্য কর্মী (চিকিৎসক, নার্স, ল্যাব এসিস্টেন্টসহ অন্যান্য কর্মচারী) এবং

  গ) বিভিন্ন দফতরে কর্মরত নিম্ন আয়ের সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারী।

- **ঋণের সুবিধা প্রকৃতি**
  - ইক্যুইটি: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ নূন্যতম ১০% হতে হবে;
  - পরিশোধ পদ্ধতি: সম্ভাব্য বাড়ি ভাড়ার ৯০%+মাসিক আয়ের সর্বোচ্চ ৩০% (প্রয়োজনে)
  - লোন টু ভ্যালু: ১: ১.৫০

- **ইক্যুইটি (ঋণ ঃ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)**

  ৮০ ঃ ২০

- **পরিশোধের মেয়াদ**

  ৫, ১০, ১৫ ও ২০ বছর

Core Business Activities of BHBFC

Loan sanction and Disbursement

BHBFC is the only state-owned loan provider in housing sector of Bangladesh. Its network is spread across the country with 62 branch offices, 14 regional offices and 10 zonal offices. BHBFC has a vision to solve housing problems of all by providing housing finance loan especially to the lower and lower middle-class people residing in the growth center areas of Bangladesh. Already, a new product namely "Zero Equity Loan" has been launched on the occasion of the Birth Centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman to make loan facility easily available to lower income people. Besides that, 10 other products are available for the interested clients.

BHBFC has achieved the highest success in the fiscal year 2021-22 by the sincere work of all staff and the appropriate guidelines of the management. BHHBFC has not only been able to combat with the negative effect of COVID-19 but also have successfully achieved all business targets. Amid the turmoil situation of COVID-19, BHBFC has been able to sanction BDT 714.84 cr. worth of loans as well as disbursed BDT 588.95 cr.

714.84 Cr. Achievment

700.00 Cr. Target


102.12% (Achievment against Target)

588.95 Cr. Achievment

600.00 Cr. Target

98.16% (Achievment against Target)

Loan Process



Loan Recovery

In terms of recovery, BHBFC has been making steady progress over the past few years. COVID-19 period was economically as difficult for BHBFC's respected clients as all the people of the country. As a result, in the year 2019-20, BHBFC lagged a little behind in terms of loan recovery, but in the year 2020-21, case-to-case investigation was started to increase the recovery. BHBFC gave special attention to classified loan cases. Recovery from the unclassified loans has always been steady but the classified loan recovery, which had been steadily declining over the years, increased to 5.94% in the 2020-21. Considering the importance of the matter, the management took planned action and the field level officials followed accordingly. As a result, the classified loan has decreased to 4.65% of the total loan balance. BHBFC has managed to recover 88.56% of the target for this year, that is 652.10 cr. against 674.10 cr.

Unclassified Loan

3702.51 Cr. Balance 2020-21

9933.26 Cr.

Classified Loan

221.78 Cr. Balance 2020-21

5.99% (% of Classified Loan)

182.94 Cr. CL Balance 2021-22

4.65% (% of Classified Loan)

Faridpur, Rangpur and Rajshahi Zonal Offices are in the first places with 56.48%, 40.98% and 33.25% recovery of classified loans. On the other hand, Zonal Offices Faridpur, Sylhet and Rangpur have acquired the first three positions achieving 123.81%, 121.86% & 112.86% of the total target respectively.

Key Strengths of Our Recovery Process

Recovery Tracking Software
The Management can track case to case improvement of recovery by our Loan Management System (LMS) and Management Information System (MIS) software.

Recovery Committee Formation
Special teams are sent to the field regularly from the head office to speed up the recovery activities.

Dedicated Recovery Team
All 61 branches have dedicated recovery officers who work closely with the branch manager to increase the rate of classified and unclassified recovery.



Business Performance of 2021-22:

A COMPARATIVE ANALYSIS

Assessment of Achievement in FY 2020-21

As a result of proper guidance and reflection of the work plan determined by the management, BHBFC has been able to secure the highest achievement in loan sanction & disbursement, recovery from classified loans, recovery from total loans, settlement of audit objections and settlement of all cases.

In the fiscal year 2021-22, against the target of Tk. BDT. 700 Cr., the sanction was BDT. 714.84 Cr. which is 95.58 Cr. more than the previous FY. Rate of achievement was 102.12%. In the last five year, the amount of loan sanction has shown an increase of 15.43% or 95.58 Cr. The total number of units sanctioned during the year is 8038, which is 1214 more than last year.

The zonal office, Dhaka North has sanctioned a maximum loan of Tk 151.28 Cr. As per percentage of achievement, Zonal Office, Rangpur has achieved maximum 127.03% against the target. Out of the total loan sanctioned, maximum 21.16% was sanctioned from Zonal Office, Dhaka North branches.

Sanction

BDT 714.84 Cr.
in FY 2021-22
BDT 619.26 Cr.
in FY 2020-21
BDT 455.31 Cr.
in FY 2019-20
BDT 553.06 Cr.
in FY 2018-19

Disbursement

BDT 588.95 Cr.
in FY 2021-22
BDT 514.03 Cr.
in FY 2020-21
BDT 421.95 Cr.
in FY 2019-20
BDT 434.66 Cr.
in FY 2018-19

Loan disbursement is also the highest in the history of BHBFC in FY 2021-22. A total of Tk. 588.95 Cr. has been disbursed through the field offices against the target of Tk. 600 Cr. The percentage of achievement is 98.16%. out of which maximum 20.98%% or 123.54 Cr. was disbursed by branches under Zonal Office, Dhaka North. The second position is obtained by Zonal Office, Khulna with 14.73% disbursement of the total amount or 86.75 Cr. Loan disbursement has increased by 14.58% or Tk. 74.92 Cr. from last years.

In FY 2021-22, 652.10 Cr. was achieved against the recovery target of Tk. 674.98 Cr. which is 95.56%. Over the past five years, BHBFC's recovery has steadily increased. Against its own target, the zonal office, Dhaka North has recovered a maximum of Tk 244.59 Cr.

Recovery

BDT 652.10 Cr. in FY 2021-22

BDT 565.08 Cr. in FY 2020-21

BDT 484.86 Cr. in FY 2019-20

BDT 528.14 Cr. in FY 2018-19

Classified Loan

BDT 182.94 Cr.

in FY 2021-22

4.65% in FY 2021-22

Moreover, under the close supervision of Management, the amount of classified loan has come down significantly in the last five years. The classified loan balance in FY 2020-21 was TK 221.78Cr. or 5.94% which decreased to TK 182.94 Cr. or 4.65% in 2021-22. In case of classified loan recovery, highest Tk 13.73 Cr. has been collected at Zonal Office, Dhaka North.

Over the last five years, BHBFC's total outstanding balance has steadily increased. The balance in FY 2017-18 was Tk. 2,748.64 Cr. which increased to Tk. 3933.26 Cr. in FY 2021-22 (total increase of Tk. 1184.62crore).

Outstanding Balance

BDT 3933.26 Cr. in FY 2021-22

BDT 3702.58 Cr. in FY 2020-21

BDT 3372.93 Cr. in FY 2019-20

BDT 3260.91 Cr. in FY 2018-19

Net Profit (Before Tax)

BDT 248.80 Cr.

in FY 2021-22


The income of the corporation has gradually increased in the last five years. In FY 2021-22 the net income before tax has been 248.80 Cr. and the income tax provision has been kept at 94.50 Cr. Compared to the 2017-18, the income of the corporation has increased by 111.01 Cr. in FY 2021-22. Expenditure of the corporation has also been increased in the last five years due to the expansion of other services of the corporation including loan services. Compared to the financial year 2017-18, the expenditure of the corporation has increased by 35.04 Cr.


PROGRESS IN ACHIEVING **BUSINESS TARGETS**


Particulars	2020-21		2021-22		Increase/ (Decrease)	Change %
	Target	Achievement	Target	Achievement		
Business Indicators						
Loan Sanctioned	550.00	619.26	700.00	714.84	95.58	15.43%
Loan Disbursed	500.00	514.03	600.00	588.95	74.92	14.58%
Recovery from the Classified Loan Cases	143.30	30.86	139.60	36.35	5.49	17.79%
Total Recovery	620.91	565.08	674.98	651.77	13.71	2.15%


Particulars	Achievement in 2020-21	Achievement in 2021-22	Increase/ (Decrease)
Business Indicators			
Classified Loan Balance	219.79	182.94	38.84
Unclassified Loan Balance	3482.71	3750.32	249.59
% of Classified Loan	5.94%	4.65%	-1.29%
Outstanding Balance	3702.50	3933.26	230.76
Income Statement			
Total Income	336.10	376.79	40.79
Total Expenditure	130.12	141.99	11.87
Net Profit Before Tax	200.71	248.80	48.18
Net Profit	117.64	152.43	34.87
Asset and Liabilities			
Total Assets	4785.37	5422.67	637.30
Loans and Advances	3351.76	3605.15	253.39
Paid-up Capital	110.00	110.00	-

GRAPHICAL PRESENTATION













PRESENTATION










GRAPHICAL PRESENTATION










GRAPHICAL PRESENTATION











GRAPHICAL PRESENTATION












BHBFC's Business Related Achievement Data of Last 10 Years

(in Lac Tk)

Description	2010-11	2011-2012	2012-2013	2013-2014	2014-2015	2015-2016	2016-17	2017-18	2018-19	2019-20	2020-21	2021-22
Authorized Capital	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	100000
Paid-up-Capital	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000
Reserve Fund	130059	149838	158885	170562	177855	1957.74	1372.78	1412.78	1452.78	1492.78	1532.77	1572.77
Loan Balance (Debenture)	85067	76608	71950	69584	58350	47250						-
Debenture Payment												
Govt. Deposits & Loans	22021	24521	27250	32250	32250	51500	65462	79300	92138	94920	1219.7	350
Tax Payment (Advance)	4737	4315	8014	5400	6327	6597	4644	7960	8264	6771		67004.7
Provision for Tax	47483	50467	58444	66100	74045	82337	90249	53190	61209	52928	61234	70684.4
Other Liabilities	13928	73717	85694	66101	81414	90046	97761	61568	70782	63452	71415	79699.1
Total Capital & Liabilities	322188	325641	340704	357791	362141	385862	407599	394257	425102	431432	478537	542267
(a) Loans & Advances (Balance)	251016	258340	280127	297472	302210	300582	266054	274864	290303	311399	335176	360515
(b) Deferred Interest on Unclassified Loan (OBSI)	21067	22114	23955	26143	28406	30729	33060	34808	35788	35895	35074	32811
Fixed Assets	653	898	1052	1015	871	827	743	940	1614	1437	1241	1369.82
Cash at Bank (With FDR and share investment)	33617	30755	18056	15623	13734	35862	51700	61690	62003	53880	67232	96008.9
Other Assets	57968	57762	39659	3397	65828	72043	82141	48682	61245	53879	61150	69169.8
Total Assets	322188	325640	340704	357791	362141	385862	407599	394257	425102	431432	478537	542267
Total Income	21448	23413	26027	25742	24289	24258	25669	26578	28943	30034	33610	37678.5
Total Expenditure	10370	9169	9099	8114	8381	8775	10079	10695	12098	12611	13012	14200
Net Profit (Before Tax)	11222	15179	18899	19317	15769	15568	16128	15629	16930	16954	20071	24879.9
Loan Sanctioned												
(a) Number	1254	1487	2101	1107	1154	1154	1301	991	1546	1275	1687	1927
(b) Amount	25886	36647	53925	28518	31121	26091	35342	40161	55306	45531	61926	71484
Cumulative Loan Sanctioned												
(a) Number	71696	73183	75284	76391	77545	77545	79793	80784	82330	83605	82471	-
(b) Amount	432827	469474	523416	551934	583075	609166	644488	684649	739955	785486	746575	918896
Sanctioned Housing Units												
(a) Number	5558	6252	7388	3493	4508	4148	5318	4538	6833	5649	6824	8038
(b) Cumulative Number	171884	178136	185524	189017	193525	197673	202991	207525	214358	220007	226831	234869
Loan Disbursed												
(a) Amount	22433	29808	43339	38990	27173	24798	27851	36645	43466	42195	51403	58895
(b) Cumulative Amount	380869	410677	454016	493006	520179	544977	572918	609559	653025	698220	660962	805818
Recoverable Loan												
(a) Amount	53946	54355	54272	53802	557042	56909	58342	56412	58967	59916	67498	69382
(b) Cumulative Amount	653287	707642	761914	815716	871458	928367	986709	1043121	1102088	1162004	1110619	1298884
Loan Recovery												
